

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা মন্ত্রণালয়
বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ
সেন্ট্রাল প্রকিউরমেন্ট টেকনিক্যাল ইউনিট
শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭।

Tel: 9144252-3, Fax: 9180968, E-mail: info@cptu.gov.bd; Website: www.cptu.gov.bd

নং-২১.০০.০০০০.৩৬৪.২২.৯০৬.১৭-৩৯৬

তারিখঃ ০৯/১০/২০১৭ খ্রিঃ

বিষয়ঃ জাতীয় যক্ষ্মা নিয়ন্ত্রণ কর্মসূচীর আওতায় বাংলাদেশের যক্ষ্মা রোগীদের চিকিৎসার জন্য Global Drug Facility (GDF) হতে রুটিন ঔষধ ক্রয় ও সংগ্রহ করার মতামত প্রদান প্রসঙ্গে।


সূত্রঃ ৫-৩৪/টিবি-লেপ/জিএফএটিএম/এফএলডি-প্রকিউরমেন্ট/২০১৭/৬২৫৭; তারিখঃ ২৪/০৯/২০১৭

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, পিপিএ-২০০৬ এর ধারা-৩১(১) মোতাবেক ক্রয় কাজে উন্মুক্ত দরপত্র পদ্ধতি অগ্রাে বিবেচ্য। তবে ক্রয়কারী কার্যালয় প্রধান বা তৎকর্তৃক ক্ষমতাপ্রাপ্ত কোন কর্মকর্তার অনুমোদনক্রমে ধারা-৩১ এ উল্লিখিত পদ্ধতি ব্যতীত অন্য কোন পদ্ধতিতে পণ্য, সংশ্লিষ্ট সেবা, কার্য বা ভৌত সেবা ক্রয়ের ক্ষেত্রে, কারিগরী অথবা অর্থনৈতিক কারণে যুক্তিযুক্ত বিবেচিত হলে ক্রয়কারী সরাসরি ক্রয় পদ্ধতিসহ অন্যান্য ক্রয় পদ্ধতি অনুসরণ করতে পারে।

০৩। উল্লেখ্য, কোন কোন পরিস্থিতিতে সরাসরি ক্রয় পদ্ধতি অনুসরণ করা যাবে তা আইনের ধারা-৩২(১)(খ) এবং পিপিআর-২০০৮ এর বিধি-৭৪ এ উল্লেখ করা হয়েছে। সরাসরি ক্রয় পদ্ধতিতে অবাধ প্রতিযোগিতার সুফল পাওয়া যায় না বা স্বচ্ছতার অভাব থাকে বা অগ্রহণযোগ্য এবং প্রতারণামূলক তৎপরতাকে উৎসাহিত করা হতে পারে বিধায় ক্রয়কারী কার্যালয় প্রধানকে এ পদ্ধতি নিয়ন্ত্রণের শর্তও রয়েছে [বিধি-৭৪(২)]।

০৪। এখানে উল্লেখ্য যে, কোন নির্দিষ্ট পদ্ধতিতে ক্রয় কাজ বাস্তবায়ন করা হবে এটি নির্ধারণ করার এখতিয়ার একান্তভাবেই ক্রয়কারী কার্যালয় প্রধান (HOPE) এর উপর। অনুচ্ছেদ-১ ও ২ এ বর্ণিত ধারা/বিধির আলোকে এ বিষয়ে ক্রয়কারী কার্যালয় প্রধান সিদ্ধান্ত নিতে পারে।

০৫। বিবেচ্য পত্রে প্রদত্ত তথ্যের ভিত্তিতে এ মতামত প্রদান করা হ'ল।


(মাসুদ আকতার খান)
পরিচালক (সংযুক্ত)
ফোনঃ ৯১৪৪২৫২-৩

অতিরিক্ত মহাপরিচালক

ও

লাইন ডাইরেক্টর টিবি-এল এন্ড এএসপি

স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।

অনুলিপিঃ

- ১। সচিব মহোদয়ের একান্ত সচিব, আইএমই বিভাগ, পরিকল্পনা মন্ত্রণালয়।
- ২। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, সিপিটিইউ, আইএমই বিভাগ, পরিকল্পনা মন্ত্রণালয়।
- ৩। অফিস কপি।